গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.imed.gov.bd

## পরিদর্শন প্রতিবেদন (চলতি প্রকল্প)

পরিদর্শনের তারিখঃ ২৮ মার্চ, ২০১৬।

১. প্রকল্পের/অপারেশন প্লানের নামঃ "Procurement, Logistics & Supplies Management (PLSM).

২. মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাঃ কেন্দ্রীয় ঔষধাগার, স্বাস্থ্য অধিদপ্তর।
সেক্টর কর্মসূচীর নামঃ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচী (HPNSDP)
উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৩. অপারেশন প্লানের পটভূমি ও উদ্দেশ্যঃ

৩.১ পটভূমিঃ

বাংলাদেশের স্বাস্থ্য ইন্সটিটিউটসমুহের জন্য হসপিটাল ইক্যুইপমেন্ট, ঔষধ, প্রতিষেধক, অফিস যন্ত্রপাতি সংগ্রহ নিশ্চিতকরণে সেন্ট্রাল মেডিকেল স্টোরেজ ডিপো (সিএমএসডি) গুরুত্বপুর্ণ ভূমিকা পালন করছে। এটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের একটি বিশেষায়িত ক্রয়কারী প্রতিষ্ঠান এবং স্বাস্থ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট লাইন ডিরেক্টরগণের চাহিদার প্রেক্ষিতে প্রয়োজনীয় লজিস্টিক ক্রয়, গুদামজাতকরণ ও বন্টনের দায়িত্ব পালন করে থাকে। স্বাস্থ্য, পুস্টি ও জনসংখ্যা সেক্টর কর্মসূচী (এইচএনপিএসপি-২০০৩-২০১১) বাস্তবায়নকালে লজিস্টিক ব্যবস্থাপনা, প্রকিউরমেন্ট ও ক্লিয়ারেন্স, গুদামজাতকরণ ও বন্টন এবং মেরামত ও রক্ষণাবেক্ষণ খাতে লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করা হয়। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় এইচএনপিএসপি চলাকালীন সময়ে বিশ্বব্যাংক কর্তৃক পরিচালিত ০৭ (সাত)টি ক্রয়কারী স্বত্বার মধ্যে CMSD, DGFP এবং HED এর ক্রয় কার্যক্রমে দক্ষতা পরিলক্ষিত হলেও National AIDS/STD Program (NASP), Communicable Disease Control (CDC), National Nutrition Services (NNS) এবং Essential Service Delivery (ESD) শীর্ষক কর্মসূচীগুলোর মধ্যে কর্মকর্তা কর্মচারীগণের ক্রয় কার্য সম্পাদনে দক্ষতার অভাব, বৃহৎ ও জটিল ক্রয় কার্যক্রম সম্পাদনে সীমিত দক্ষতা এবং নিয়ম কানুন পরিপালনে সীমাবদ্ধতা চিহ্নিত করা হয়। এছাড়া, তথ্য আদান প্রদান, সরবরাহ ও বিল পরিশোধ সংক্রান্ত কার্যক্রমে মূলতঃ টেকনিক্যাল স্পেসিফিকেশনের যথার্থতার অভাব, ত্রুটিপুর্ণ মূল্যায়ণ, অভ্যন্তরীণ ও বাহ্যিক হস্তক্ষেপের কারণে ক্রয় কাজে দীর্ঘসূত্রিতা ইত্যাদি প্রতিবন্ধকতা পরিলক্ষিত হয়ে থাকে। ক্রয় কার্য পরিচালনা ও চুক্তি সম্পাদনের দৃষ্টিকোণ থেকে HNPSP কর্মসূচীতে আলোচ্য অপারেশন প্ল্যানটিকে 'Medium-1' হিসেবে চিহ্নিত করা হয়। উল্লিখিত সীমাবদ্ধতাসমুহকে দুরীভূত করার লক্ষ্যে সুনির্দিষ্ট কার্যক্রম বাস্তবায়নে আলোচ্য অপারেশনাল প্ল্যানটি ৪৪৩০৬.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই/১১ হতে জুন/১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়।

৩.২ কর্মসূচীর মূল উদ্দেশ্যঃ

সেন্ট্রাল মেডিকেল স্টোরেজ ডিপো (সিএমএসডি)'র অপারেশনাল দক্ষতা বৃদ্ধি; লাইন ডিরেক্টরগণের চাহিদা অনুযায়ী সময়মতো পণ্য ক্রয় ও এর ব্যবহার নিশ্চিত করা; ক্রয়কৃত পণ্য সঠিকভাবে মজুদকরণ ও সুষ্ঠু বন্টন নিশ্চিতকরণ এবং ই-প্রকিউরমেন্ট ও অনলাইন প্রকিউরমেন্ট কার্যক্রম বাস্তবায়ন।

**Specific উদ্দেশ্যঃ**

- ওয়ার্কশপ/সেমিনার, স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণের মাধ্যমে সেন্ট্রাল মেডিকেল স্টোরেজ ডিপো (সিএমএসডি)'র অপারেশনাল দক্ষতা বৃদ্ধি করা;
- লাইন ডিরেক্টরগণের চাহিদা মোতাবেক পিপিএ, পিপিআর ও ওয়াল্ড ব্যাংক এর গাইডলাইন যথাযথভাবে অনুসরণ করে পণ্য ক্রয়;
- পণ্যের গুদামজাতকরণ ও বিতরণে সেবা ক্রয় এবং গুদামজাতকরণে দক্ষতা বৃদ্ধি করা;
- বরাদ্দ ও চাহিদা মোতাবেক পণ্য বিতরণ করা;
- আইটি পরামর্শকের কারিগরী সহায়তায় ই-প্রকিউরমেন্ট ও অনলাইন প্রকিউরমেন্ট পদ্ধতি প্রয়োগ করা।

৪. প্রকল্প এলাকাঃ তেজগাঁও, ঢাকা।

৫. বাস্তবায়নকালঃ

| | |
|---|---|
| (ক) মূলঃ | জুলাই ২০১১ হতে জুন ২০১৬ |
| (খ) ১ম সংশোধিত অনুমোদিতঃ | জুলাই ২০১১ হতে জুন ২০১৬ |
| (গ) ২য় সংশোধিত অনুমোদিতঃ | জুলাই ২০১১ হতে জুন ২০১৬ |

৬. প্রাক্কলিত ব্যয়ঃ

(লক্ষ টাকা)

| বিবরণ | মোট | টাকা | প্রকল্প সাহায্য | আরপিএ |
|---|---|---|---|---|
| (ক) মুল অনুমোদিতঃ | ৪৩৭৭৪.০০ | ৪০৪৭৪.০০ | ৩৩০০.০০ | ৩১০০.০০ |
| (খ) ১ম সংশোধিত অনুমোদিতঃ | ৪৩৭৭৪.০০ | ৪০৪৭৪.০০ | ৩৩০০.০০ | ৩১০০.০০ |
| (গ) ২য় সংশোধিত অনুমোদিতঃ | ৪৪৩০৬.০০ | ৪০৪৭৪.০০ | ৩৮৩২.০০ | ৩৬৩২.০০ |

৭. প্রকল্প সাহায্য সংক্রান্ত তথ্যঃ

(ক) দাতা দেশ/ সংস্থার নামঃ IDA Pool Fund, JICA, USAID

(খ) প্রকল্প সাহায্যের পরিমাণঃ লক্ষ টাকা।
(দাতার কারেন্সিতে)

(গ) সাহায্যের ধরণঃ ঋণ
(অনুদান/ঋণ/সরবরাহ ঋণ)

৮. প্রকল্পের অনুমোদন অবস্থাঃ

স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচীর পিআইপি গত ২৩.০৮.২০১১ তারিখে একনেক কর্তৃক এবং অপারেশনাল প্ল্যান গত ১৯.০৯.২০১১ তারিখে অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটি'র সভায় অনুমোদিত হয়। অনুমোদিত অপারেশন প্ল্যানের মোট প্রাক্কলিত ব্যয় ৪৩৭৭৪.০০ লক্ষ টাকা, এর মধ্যে জিওবি ৪০৪৭৪.০০ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ৩৩০০.০০ লক্ষ টাকা। অপারেশন প্ল্যানের বাস্তবায়ন মেয়াদ জুলাই ২০১১ হতে জুন ২০১৬ পর্যন্ত। পরবর্তীতে বৈদেশিক প্রশিক্ষণ খাত অন্তর্ভূক্তিকরণ, অর্থনৈতিক কোড ও খাতের সংশোধনীর প্রেক্ষিতে মোট ব্যয় ও বাস্তবায়ন মেয়াদ অপরিবর্তিত রেখে অপারেশনাল প্ল্যানের ১ম সংশোধনী গত ০৭.০৪.২০১৩ তারিখে অনুমোদিত হয়। আরপিএ খাতে বরাদ্দ বৃদ্ধি ও অপারেশনাল প্ল্যানের আওতায় পূর্ত কাজের সংস্থান রেখে অপারেশনাল প্ল্যানের ২য় সংশোধনী গত ০৫.০৫.২০১৫ তারিখে অনুমোদিত হয়। সর্বশেষ অনুমোদন অনুযায়ী অপারেশনাল প্ল্যানের মোট ব্যয় ৪৪৩০৬.০০ লক্ষ টাকা, এর মধ্যে জিওবি ৪০৪৭৪.০০ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ৩৮৩২.০০ লক্ষ টাকা। অপারেশনাল প্ল্যানের বাস্তবায়ন মেয়াদ জুলাই/১১ হতে জুন/১৬ পর্যন্ত।

৯. অংগ ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতিঃ

(লক্ষ টাকা)

| ক্র নং | অংগের নাম | পিসিপি/পিপি অনুযায়ী প্রাক্কলিত ব্যয় | জুন/২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | | চলতি ২০১৫-১৬ অর্থ বছরের লক্ষ্যমাত্রা | | চলতি অর্থ বছরে ফেব্রুয়ারি/১৬ পর্যন্ত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | আর্থিক | বাস্তব (%) | আর্থিক | বাস্তব (%) | আর্থিক | বাস্তব (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১. | সিএমএসডিকে শক্তিশালীকরণ | ৩০২৯.৪২ | ৩০০.৭৪ | ৯.৯৩ | ১৪২৩.০০ | ১০০.০০ | - | - |
| ২. | প্রকিউরমেন্ট এ্যন্ড ক্লিয়ারেন্স | ৩৮৬৩১.৯৮ | ২৭২৮১.৭৮ | ৭০.৬২ | ১১১৭২.০০ | ১০০.০০ | ৫৯৯৭.৯৭ | ৫৩.৬৯ |
| ৩. | স্টোরেজ এ্যন্ড ডিস্ট্রিবিউশন | ১৩৪৭.৮০ | ১০১২.২৪ | ৭৫.১০ | ৩০০.০০ | ১০০.০০ | ১৭৭.৯৫ | ৫৯.৩২ |
| ৪. | স্থাপন, মেরামত ও রক্ষণাবেক্ষন | ১৮৩.৬৩ | ১০০.৪০ | ৫৪.৬৮ | ৪৭.০০ | ১০০.০০ | ৮.২৯ | ১৭.৬৪ |
| ৫. | লজিস্টিক ম্যানেজমেন্ট | ১১১৩.১৭ | ৮১৪.২৩ | ৭৩.১৫ | ১৫৫.০০ | ১০০.০০ | ৫৮.৪৭ | ৩৭.৭২ |
| | মোট | ৪৪৩০৬.০০ | ২৯৫০৯.৩৯ | ৬৬.৬০ | ১৩০৯৭.০০ | ১০০.০০ | ৬২৪২.৬৮ | ৪৭.৬৬ |

অপারেশনাল প্ল্যান বাস্তবায়নকারী সংস্থা সেন্ট্রাল মেডিক্যাল স্টোরেজ ডিপো (সিএমএসডি)'র নিকট হতে প্রাপ্ত তথ্যাদি আইএমইডি'র নির্ধারিত ছক ০৫ এ পাওয়া যায়নি, ফলে অপারেশনাল প্ল্যানের অঙ্গওয়ারী ব্যয় অগ্রগতি প্রদর্শন করা সম্ভব হয়নি। সিএমএসডি হতে প্রাপ্ত তথ্যাদি কেবলমাত্র ০৫ (পাঁচ)টি মূল খাতে প্রদর্শন করা হয়েছে যার কোন অর্থনৈতিক কোড নেই। প্রাপ্ত তথ্য পর্যালোচনায় দেখা যায় যে, জুন/১৫ পর্যন্ত মোট আর্থিক অগ্রগতি ২৯৫০৯.৩৯ লক্ষ টাকা যা মোট প্রাক্কলিত ব্যয়ের ৬৬.৬০%। অপরদিকে বাস্তব অগ্রগতি দেখানো হয়েছে ৬৬.৬০% যা সঠিক মর্মে প্রতীয়মান হয় না, কেননা উক্ত হার হচ্ছে মোট প্রাক্কলিত ব্যয়ের। এছাড়া, চলতি বছরের লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তব অগ্রগতি ১০০% নির্ধারণ করার প্রক্রিয়াও সঠিক নয় মর্মে প্রতীমান হয়।

১০. **পরিদর্শিত এলাকাঃ** কেন্দ্রীয় ঔষধাগার, তেজগাঁও, ঢাকা।

১১. **প্রকল্প পরিচালক/লাইন ডিরেক্টর সম্পর্কিত তথ্যঃ**

| নাম ও পদবী | মেয়াদকাল | | মন্তব্য |
|---|---|---|---|
| | শুরু | সমাপ্ত | |
| ১. ব্রিঃজেনাঃ মুহম্মদ মাসউদ হোসাইন | ২৭.১২.২০১০ | ১২.১০.২০১১ | - |
| ২. ব্রিঃজেনাঃ আহসান কবীর খান | ২০.১০.২০১১ | ০৬.০৯.২০১২ | - |
| ৩. ব্রিঃজেনাঃ সৈয়দ ইফতেকার উদ্দিন | ০৬.০৯.২০১২ | ০৬.০১.২০১৪ | - |
| ৪. ব্রিঃ জেনাঃ গোলাম রসুল | ০৬.০১.২০১৪ | ২৬.০৮.২০১৫ | - |
| ৫. ব্রিঃ জেনাঃ মোঃ পারভেজ কবীর | ২৬.০৮.২০১৫ | অদ্যাবদি | - |

১২. **অপারেশনাল প্লান পরিদর্শনঃ**

গত ২৮.০৩.২০১৬ তারিখে আইএমইডি কর্তৃক অপারেশনাল প্ল্যানের আওতাধীন ঢাকা জেলার তেজগাঁওস্থ কেন্দ্রীয় ঔষধাগার পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে পরিচালক (ভান্ডার ও সরবরাহকারী) ও লাইন ডিরেক্টর ব্রিঃ জেনাঃ মোঃ পারভেজ কবীর, চীফ কো-অর্ডিনেটর ডাঃ জিয়াউল হক, মনিটরিং কর্মকর্তা জনাব মোঃ মাকসুদসহ অন্যান্য কর্মকর্তা কর্মচারীগণ উপস্থিত ছিলেন। তারা কেন্দ্রীয় ঔষধাগারসহ অপারেশনাল প্ল্যান সরেজমিনে পরিদর্শন কাজে সার্বিক সহযোগীতা প্রদান করেন। পরিদর্শনকালে অপারেশন প্ল্যানের আওতায় ভৌত কাজ বাস্তবায়নকারী গণপূর্ত বিভাগের কোন প্রতিনিধি উপস্থিত ছিলেন না। ফলে নির্মাণ কাজ সংক্রান্ত পূর্ণাঙ্গ তথ্যাদি পাওয়া যায়নি।

১৩. **পরিদর্শন পর্যবেক্ষণঃ**

আলোচ্য অপারেশনাল প্ল্যানের মূল কার্যক্রম স্বাস্থ্য অধিদপ্তরের অন্যান্য অপারেশনাল প্ল্যানের সাথে সম্পৃক্ত। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচীর আওতায় ৩২টি অপারেশনাল প্ল্যানের ২৫টি অপারেশনাল প্ল্যান স্বাস্থ্য অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন রয়েছে। পরিদর্শিত অপারেশনাল প্ল্যানের মূল কার্যক্রমগুলোর মধ্যে রযেছেঃ (১) সিএমএসডি'র দক্ষতা বৃদ্ধির মাধ্যমে শক্তিশালীকরণ; (২) Procurement and Clearence সংক্রান্ত কার্যক্রমে সহায়তাদান; (৩) মজুদকরণ ও বন্টন দক্ষতা বৃদ্ধি; (৪) স্থাপন, মেরামত ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম সঠিকভাবে পরিচালনা এবং (৫) Logistic Management সংক্রান্ত কাজ ইত্যাদি।

১৩.১ **কেন্দ্রীয় ঔষধাগারকে শক্তিশালীকরণঃ**


পরিদর্শনকালে দেখা গেছে কেন্দ্রীয় ঔষধাগারকে শক্তিশালীকরণের লক্ষ্যে এর জনবলকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ খাতে বরাদ্দকৃত ৩৮০.০০ লক্ষ টাকার মধ্যে ২৫০.৬৯ লক্ষ টাকা ইতোমধ্যে ব্যয় করা হয়েছে। এর মধ্যে স্থানীয় প্রশিক্ষণে ব্যয় হয়েছে ১০০.৭৯ লক্ষ টাকা এবং বৈদেশিক প্রশিক্ষণে ব্যয় হয়েছে ১৪৯.৯০ লক্ষ টাকা। পণ্য মজুতকরণ ও বন্টন, মেডিক্যাল ইক্যুইপমেন্ট স্থাপন ও রক্ষণাবেক্ষণ এবং পণ্য মজুতকরণের স্থান সংকুলানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সিএমএসডি হতে বিভিন্ন সেবা কেন্দ্রে প্রদত্ত মেডিক্যাল ইক্যুইপমেন্ট স্থাপন ও মেরামতের বিষয়ে একটি সফটওয়্যার ডেভলাপ করা হয়েছে যার মাধ্যমে কোথায় কখন কি ইক্যুইপমেন্ট প্রেরণ করা হয়েছে এবং রক্ষণাবেক্ষণ সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ করা হচ্ছে।

১৩.২ **ই-প্রকিউরমেন্ট বাস্তবায়নঃ**

অপারেশনাল প্ল্যানের একটি অন্যতম প্রধান কাজ হচ্ছে ই-প্রকিউরমেন্ট পদ্ধতির বাস্তবায়ন করা। পরিদর্শনকালে সংশ্লিষ্ট কর্মকর্তা জানিয়েছেন যে, সিএমএসডিতে এখনও ই-প্রকিউরমেন্ট কার্যক্রম পুরোপুরিভাবে বাস্তবায়ন করা হয়নি। ই-প্রকিউরমেন্ট এর জন্য রেজিস্ট্রেশন করা হয়েছে এবং ঠিকাদারদের নিবন্ধনের জন্য বলা হয়েছে মর্মে জানা গেছে। এ খাতটি অপারেশনাল প্ল্যানের অপরিহার্য খাত হিসেবে পরিগনিত হলেও এবং অপারেশনাল প্ল্যানটি জুন/১৬ এ সমাপ্তির জন্য নির্ধারিত থাকলেও এখন পর্যন্ত সম্পাদন করা হয়নি। ফলে অপারেশনাল প্ল্যানের নির্ধারিত উদ্দেশ্য অর্জন করা সম্ভব হবে না মর্মে প্রতীয়মান হয়।

১৩.৩ **মজুতকরণ ও বন্টনঃ**

সিএমএসডি'র পণ্য মজুতকরণ ও বিতরণ প্রক্রিয়া সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে দেখা গেছে স্টোরে পণ্য মজুতকরণ ও স্টোর হতে বিভিন্ন সেবা কেন্দ্র প্রেরণে কম্পিউটারাইজড্ পদ্ধতিতে তথ্য সংরক্ষণ করা হচ্ছে। স্টোর এলাকার নিরাপত্তা নিশ্চিত করা হয়েছে। পুরো এলাকা সিসি ক্যামেরায় নিয়ন্ত্রণাধীন রয়েছে। তবে, পণ্য সংরক্ষণের স্থানের অভাবে অত্যন্ত দামী মেশিনপত্র ও ঔষুধ ভবনের বারান্দা এবং বাইরে প্যাকেট করে রাখা হয়েছে। এ সমস্ত পণ্য বৃষ্টি বা তাপমাত্রার কারণে বিনষ্ট হওয়ার সম্ভাবনা রয়েছে।



চিত্রঃ ১,২,৩ স্টোরের সিসি ক্যামেরা নিয়ন্ত্রণ, বারান্দা ও বাইরে ঔষুধ ও যন্ত্রপাতি সংরক্ষণ।

১৩.৪ **মেরামত ও রক্ষণাবেক্ষণঃ**

অপারেশনাল প্ল্যানের অগ্রাধিকারমূলক কার্যক্রমের মধ্যে লাইন ডিরেক্টরগণের চাহিদার প্রেক্ষিতে বিভিন্ন সেবা কেন্দ্রে সরবরাহকৃত মেডিক্যাল ইক্যুইপমেন্ট স্থাপন, মেরামত ও রক্ষণাবেক্ষণ অন্যতম একটি কাজ। পরিদর্শনকালে কাগজপত্র পর্যালোচনায় দেখা যায় যে, ইতোমধ্যে এ বিষয়ে একটি সফটওয়্যার ডেভলাপ করা হয়েছে যার মাধ্যমে মেডিকেল যন্ত্রপাতি সরবরাহ ও মেরামত সংক্রান্ত তথ্যাদি সঠিকভাবে সংগ্রহ করা হচ্ছে এবং এর ভিত্তিতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

১৩.৫ **ভৌত কাজ সম্পাদনঃ**

অপারেশনাল প্ল্যানের আওতায় সিএমএসডি চত্বরে একটি ০৪ তলা ভবন নির্মাণ করা হচ্ছে। এ কাজটি গণপূর্ত বিভাগ কর্তৃক সম্পাদন করা হচ্ছে। সিএমএসডি'র সংশ্লিষ্ট কর্মকর্তা জানিয়েছেন যে, গত ০২.১২.২০১৫ তারিখে জি বিল্ডার্স ইঞ্জিনিয়ার্স সাউথ বেঙ্গল কনস্ট্রাকশন নামক নির্মাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হয়েছে। মোট চুক্তিমূল্য ১১,২৭,৪০,৫৭৭.৭০ টাকা। চুক্তি মোতাবেক কাজটি সেপ্টেম্বর/১৬ তারিখে সম্পাদন করা হবে। অর্থাৎ অপারেশনাল প্ল্যানের নির্ধারিত মেয়াদের পর ভৌত কাজ সম্পাদনের জন্য নির্ধারিত রয়েছে। পরিদর্শনকালে দেখা গেছে যে, নির্মানাধীন ভবনের ভিত্তি'র কাজ সম্পন্ন হয়েছে। নীচ তলার কলাম ঢালাইয়ের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। স্বাস্থ্য মন্ত্রণালয়ের মাধ্যমে জানা গেছে যে, স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচীর বাস্তবায়ন মেয়াদ ০৬ (ছয়) মাস অর্থাৎ ডিসেম্বর/১৬ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব অর্থনৈতিক সম্পর্ক বিভাগ ও আইএমই বিভাগে প্রেরণ করা হয়েছে। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মতামত এখনও পাওয়া যায়নি।



চিত্রঃ ৪, ৫-অপারেশন প্ল্যানের আওতায় বাস্তবায়নাধীন ভৌত কাজের চিত্র।

১৪. বাস্তবায়ন সমস্যাঃ

১৪.১ **ই-প্রকিউরমেন্ট বাস্তবায়ন সম্পাদন করা হয়নিঃ**

অপারেশনাল প্ল্যানের একটি অন্যতম প্রধান কাজ হচ্ছে ক্রয় কার্যক্রমে ই-প্রকিউরমেন্ট পদ্ধতির বাস্তবায়ন করা। পরিদর্শনকালে সংশ্লিষ্ট কর্মকর্তা জানিয়েছেন যে, সিএমএসডিতে এখনও ই-প্রকিউরমেন্ট কার্যক্রম পুরোপুরিভাবে বাস্তবায়ন করা হয়নি। ই-প্রকিউরমেন্ট এর জন্য রেজিস্ট্রেশন করা হয়েছে এবং ঠিকাদারদের নিবন্ধনের জন্য বলা হয়েছে মর্মে জানা গেছে। এ খাতটি অপারেশনাল প্ল্যানের অপরিহার্য খাত হিসেবে পরিগনিত হলেও এবং অপারেশনাল প্ল্যানটি জুন/১৬ এ সমাপ্তির জন্য নির্ধারিত থাকলেও এখন পর্যন্ত সম্পাদন করা হয়নি। ফলে অপারেশনাল প্ল্যানের নির্ধারিত উদ্দেশ্য অর্জন করা সম্ভব হবে না মর্মে প্রতীয়মান হয়।

১৪.২ **ভৌত কাজ সম্পাদনে বিলম্বঃ**

অপারেশনাল প্ল্যানের আওতায় সিএমএসডি চত্বরে একটি ০৪ তলা ভবন নির্মাণ করা হচ্ছে। অপারেশনাল প্ল্যানের নির্ধারিত মেয়াদের পর অর্থাৎ সেপ্টেম্বর/১৬ এ ভৌত কাজ সম্পাদনের জন্য নির্ধারিত রয়েছে। তবে, স্বাস্থ্য মন্ত্রণালয়ের মাধ্যমে জানা গেছে যে, স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচীর বাস্তবায়ন মেয়াদ ০৬ (ছয়) মাস অর্থাৎ ডিসেম্বর/১৬ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব অর্থনৈতিক সম্পর্ক বিভাগ ও আইএমই বিভাগে প্রেরণ করা হয়েছে। অপারেশন প্ল্যান বাস্তবায়নকারী সংস্থা সিএমএসডি কর্তৃক নির্ধারিত সময়ে ভৌত কাজ বাস্তবায়নের কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়নি মর্মে প্রতীয়মান হয়।

১৪.৩ আইএমইডি'র তথ্যাদি যথাযথভাবে প্রেরণ না করাঃ

প্রতি মাসে আইএমইডি'র নির্ধারিত ছকে অপারেশনাল প্ল্যান বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত তথ্যাদি আইএমই বিভাগে প্রেরণের কথা থাকলেও তা যথাযথভাবে পাওয়া যাচ্ছে না। পরিদর্শনের প্রেক্ষিতে প্রতিবেদন প্রণয়নে নির্ধারিত ছকের তথ্যাদি ব্যবহারে দেখা যায় যে, অপারেশন প্ল্যানের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ করা হয়নি। বাস্তব অগ্রগতি সংক্রান্ত তথ্য পর্যালোচনায় দেখা যায় যে, আর্থিক অগ্রগতির শতকরা হারকে বাস্তব অগ্রগতি হিসেবে প্রদর্শন করা হয়েছে যা সঠিক বলে প্রতীয়মান হয় না। চলতি বছরের নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে সকল খাতে ১০০% বাস্তব অগ্রগতি নির্ধারণ করা হয়েছে যার কোন ভিত্তি নেই। অর্থাৎ সিএমএসডি কর্তৃক আইএমইডি'র নির্ধারিত তথ্যাদি যথাযথভাবে প্রেরণ করা হচ্ছে না মর্মে প্রতীয়মান হয়েছে।

১৪.৪ প্রকল্প বাস্তবায়নে ধীরগতিঃ

অপারেশনাল প্ল্যানটি জুন/১৬ এ সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে। জুন/১৫ পর্যন্ত আর্থিক অগ্রগতি ২৯৫০৯.৩৯ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ৬৬.৬০% বলে লাইন ডিরেক্টরের কার্যালয়ের সাথে কথা বলে জানা গেছে। চলতি বছরে অপারেশনাল প্ল্যানের বিপরীতে বরাদ্দকৃত ১৩০৯৭.০০ লক্ষ টাকার মধ্যে ফেব্রুয়ারি/১৬ পর্যন্ত মাত্র ৬২৪২.৬৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে এবং বাস্তব অগ্রগতি ৪৭% যা অত্যন্ত কম। অপারেশনাল প্ল্যানের অবশিষ্ট কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতিমাসের লক্ষ্যমাত্রার বিপরীতে আর্থিক ও বাস্তব অর্জিত অগ্রগতি সংক্রান্ত তথ্যাদি নিয়মিতভাবে আইএমইডি'তে প্রেরণ করা একান্ত অপরিহার্য।

১৫. আইএমইডি'র সুপারিশঃ

১৫.১ অপারেশনাল প্ল্যানের আওতায় সংস্থানকৃত ই-প্রকিউরমেন্ট পদ্ধতি বাস্তবায়নে জরুরী ভিত্তিতে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক সিএমএসডিকে নির্দেশ প্রদান করতে অনুরোধ করা যায়। এ বিষয়ে ঠিকাদারদেরকে একটি নির্দিষ্ট সময়সীমা বেধে দিয়ে (২/৩মাস) রেজিস্ট্রেশন করার বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ এবং তালিকাভূক্ত ঠিকাদার থাকলে তাদেরকে পত্র প্রেরণ করা যেতে পারে। ঠিকাদারদের প্রশিক্ষণের বিষয়ে CPTU'র সাথে যোগাযোগক্রমে একটি Action Plan প্রস্তুত করা যেতে পারে।

১৫.২ অপারেশন প্ল্যানের নির্ধারিত সময়ের মধ্যে ভৌত কাজ বাস্তবায়নের কর্মপরিকল্পনা গ্রহণ না করে নির্ধারিত সময় জুন/১৬ এর পর কার্যসম্পাদনের সময় নির্ধারণ করার (সেপ্টেম্বর/১৬) বিষয়টি সিএমএসডি ও গণপূর্ত বিভাগের নিকট স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক জানতে চাওয়া যেতে পারে এবং তা আইএমইডিকে অবহিত করা যেতে পারে

১৫.৩ অপারেশন প্ল্যানের কাজ শতভাগ সম্পন্ন করার লক্ষ্যে প্রতিমাসের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত আর্থিক ও বাস্তব অগ্রগতি সম্পর্কিত তথ্যাদি (আইএমইডি/০৫ ও আইএমইডি/০৩ ছকে) নিয়মিতভাবে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক আইএমই বিভাগে প্রেরণ করতে হবে।

১৫.৪ স্বাস্থ্য অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন অপারেশনাল প্ল্যানের কার্যক্রম মনিটরিং এর ক্ষেত্রে আইএমই বিভাগের কর্মকর্তাগণকে লাইন ডিরেক্টর ও কার্যক্রম সংশ্লিষ্ট অন্যান্য সংস্থা (সিভিল সার্জনের কার্যালয়, গণপূর্ত বিভাগ, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর) হতে প্রয়োজনীয় সহযোগীতা প্রদানের বিষয়টি নিশ্চিতকরণে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।

১৫.৫ অপারেশন প্ল্যানের আওতায় নির্ধারিত যেসমস্ত কার্যক্রম এখনও বাস্তবায়ন করা হয়নি সুনির্দিষ্ট কর্মপরিকল্পনার আলোকে সেগুলো দ্রুত বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে।

১৫.৬ আইএমইডি'র উপরোক্ত সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০১ (এক) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন (আইএমই) বিভাগ কে অবহিত করতে হবে।

(মোহাম্মদ আরিফুর রহমান)
উপ-পরিচালক